গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা

## রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির জুন/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১৯ জুন, ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১১:১৫ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহী’র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u><br>সভাপতি কর্তৃক গত ১৮ এপ্রিল, ২০২৩ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা হয়।</td><td>১। গত ১৮ এপ্রিল, ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u><br>বিগত ২০ ফেব্রুয়ারি, ২০২৩ ও ১৮ এপ্রিল, ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr>
<tr><td>ফেব্রুয়ারি/২৩</td><td>৪১</td><td>৪০</td><td>৯৭.৫৬%</td></tr>
<tr><td>এপ্রিল/২৩</td><td>৪২</td><td>৪০</td><td>৯৫.২৩%</td></tr>
</table>
শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৩ | **আইএমইডি:**<br>রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যা রয়েছে কি-না এবং তা নিরসনে করণীয় সম্পর্কে সভায় আলোচনা করা হয়। | ১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যার উদ্ভব হলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সমাধান করতে হবে। এছাড়া আন্তঃদপ্তরের সমন্বয় প্রয়োজন হলে এ সভায় তা আলোচনা করতে হবে। | ১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা<br><br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ৪ | **স্বাস্থ্য বিভাগ :**<br>পরিচালক (স্বাস্থ্য) এর পক্ষে উপপরিচালক, রাজশাহী জানান যে, কোভিড পরিস্থিতি আগের চেয়ে অনেক ভালো। রাজশাহী বিভাগে এপ্রিল ও মে/২০২৩ মাসে ১৬১৭টি কোভিড-১৯ এর নমুনা পরীক্ষা করা হয়েছে। তন্মধ্যে ২৮ জন কোভিড রোগী শনাক্ত হয়েছে। কোনো মৃত্যু হয়নি। জনশুমারী-২০২২ অনুযায়ী এ বিভাগে জনসংখ্যা ২,০৩,৫৩,১১৯ জন। বিপুল এ জনসংখ্যার মধ্যে ১ম ডোজ প্রদান করা হয়েছে ১,৮৫,৩৯,৩৩০ (৯১%) । ২য় ডোজ প্রদান করা হয়েছে ১,৫৭,৯৩,৮০৮ (৭৮%)। বুস্টার ডোজ প্রদান করা হয়েছে ৯৭,৯১,৬৩৫ (৭১%)। ৪র্থ ডোজ প্রদান করা হয়েছে ৩,২০,০৭৯ (২%)। প্রাথমিক বিদ্যালয়ে (৫-১১ বছর বয়সী) শিশুদের কোভিড-১৯ টিকা প্রদানের লক্ষ্যমাত্রা ছিল ২৫,২২,৪২৭ এ পর্যন্ত টিকা প্রদান করা হয়েছে ১ম ডোজ ২৩,৯৬,১৫৫ (৯৫%)। ২য় ডোজ প্রদান করা হয়েছে ১৮,৩৯,৪৬০(৭৩%)। অফিস সময় পরবর্তী বৈকালিক স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য ১ম পর্যায়ে ৫টি যথা- রাজশাহী জেলার পবা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নওগাঁ জেলার সদর হাসপাতাল ও সাপাহার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাটোর জেলার গুরুদাসপুর ও বড়াইগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিশেষজ্ঞ চিকিৎসক/মেডিকেল অফিসার কর্তৃক সরকার নির্ধারিত ফি এর বিনিময়ে অফিস পরবর্তী (বিকাল ৩টা থেকে ৬টা পর্যন্ত) সময়ে জনসাধারণকে স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। ২য় পর্যায়ে ১৯টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। গত ১৮/০৬/২০২৩ তারিখে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। মোট কেন্দ্র সংখ্যা=১৪,৬৩৯টি। এর লক্ষ্যমাত্রা নীল ক্যাপসুল ২,৮৫,৯৭৪ (৬-১১ মাস) লাল ক্যাপসুল ২৩,১৩,২৪০ (১২-৫৯ মাস)। অর্জন নীল ক্যাপসুল ২,৮৩,৬২৪ (৯৯.১৭%) লাল ক্যাপসুল ২৩,০৩,৩৮৮ (৯৯.৫৭%) । এপ্রিল-মে/২০২৩ মাসে ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে ৪ জন। কোনো মৃত্যু হয়নি। নিপা ভাইরাসে এ বিভাগে মোট ১১ জন ব্যক্তি আক্রান্ত হয়েছে এবং ৫ জন মৃত্যুবরণ করেছে। লাইসেন্সবিহীন বেসরকারি ক্লিনিক/হাসপাতাল/ডায়াগনেস্টিক সেন্টারের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। | ১। সরকারি নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অফিস সময়ের পরে অর্থাৎ বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত রোগীদের সেবাকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২। ডেঙ্গু ও নিপা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা চালাতে হবে।<br><br>৩। লাইসেন্সবিহীন বেসরকারি ক্লিনিক/হাসপাতাল/ডায়াগনেস্টিক সেন্টারের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ<br><br>২। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br><br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br><br>৪। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৫ | **রাজশাহী ওয়াসা:**<br>ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা জানান যে, পানির অভিকর বৃদ্ধি করা হলেও দেশের অন্যান্য ওয়াসার তুলনায় রাজশাহী ওয়াসার পানির অভিকর কম। বর্তমানে পানি উত্তোলন, পরিশোধন ও সরবরাহে ওয়াসার খরচ বৃদ্ধি পাওয়ায় পানির অভিকর সমন্বয় করা প্রয়োজন। রাজশাহী জেলার গোদাগাড়িতে Surface Water Treatment Plant প্রকল্পটি বাস্তবায়নের জন্য চীনা কোম্পানির সাথে চূড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট চীনা নাগরিকগণ গোদাগাড়ীতে এসে বাসা ভাড়া নিয়ে অবস্থান করছেন। তাদের নিরাপত্তার জন্য সভায় সকলের সহযোগিতা কামনা করা হয়। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে নগরবাসীসহ পার্শ্ববর্তী এলাকার মানুষ সুপেয় খাবার পানি পাবে। Surface Water Treatment Plant প্রকল্পটির পানি সরবরাহের জন্য মেইন ট্রান্সমিশন পাইপ লাইন গোদাগাড়ি থেকে চাঁপাইনবাবগঞ্জ সড়কের উত্তর সাইড দিয়ে আসবে। জায়গাটি সড়কের হওয়ায় উক্ত স্থানে পাইপ লাইন স্থাপনের অনুমতি এবং সহযোগিতার জন্য সভায় সড়ক বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। Surface Water Treatment Plant প্রকল্পটি বাস্তবায়নের সাথে সংশ্লিষ্টদের নিরাপত্তাসহ প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।<br><br>২। Surface Water Treatment Plant প্রকল্পটি গোদাগাড়ি থেকে চাঁপাইনবাবগঞ্জ সড়কের জায়গায় পানির পাইপ লাইন স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।<br><br>৩। রাজশাহীতে ওয়াসার পানির ট্যারিফ (অভিকর) বৃদ্ধি কার্যকর করতে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। | ১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা<br><br>২। জেলা প্রশাসক, রাজশাহী<br><br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br><br>৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। |
| ৬ | **খাদ্য বিভাগ:**<br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, রাজশাহী বিভাগে বোরো/২০২৩ ধান ও চাল সংগ্রহ কার্যক্রম গত ০৭/০৫/২০২৩ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে। বোরো সংগ্রহ/২০২৩ এ রাজশাহী বিভাগের চাল সংগ্রহের মূল লক্ষ্যমাত্রা ২৩১৭৮৮ মে. টন। সংগ্রহ পরিমাণ (০৪/০৬/২০২৩ পর্যন্ত)-৭৫১৭২.৯৩০ মে. টন।<br>বোরো ধান সংগ্রহ/২০২৩ এ রাজশাহী বিভাগের সংগ্রহের মূল লক্ষ্যমাত্রা ৬৫৮১৭ মে. টন। সংগ্রহ পরিমান (০৪/০৬/২০২৩ পর্যন্ত)- ৫৭৯০.০৮০ মে. টন।<br>খাদ্যবান্ধব কর্মসূচিতে ২০২২-২০২৩ অর্থ বছরে (সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর এবং মার্চ ও এপ্রিল) রাজশাহী বিভাগে ৭৭৬৬০৭টি সুবিধাভোগী পরিবারের মধ্যে ভোক্তা প্রতি মাসে ৩০ কেজি (প্রতি কেজি ১৫ টাকা) করে চাল সরবরাহ করা হয়। চলতি অর্থ বছর ২০২২-২০২৩ এ সেপ্টেম্বর/২২ হতে খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল বিক্রি কার্যক্রম শুরু হয়েছে। সেপ্টেম্বর হতে নভেম্বর/২০২২ এবং মার্চ হতে এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত রাজশাহী বিভাগে খাদ্যবান্ধব কর্মসূচিতে ১০৪৯৭০ মে. টন চাল বিক্রি করা হয়েছে। কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতমালা অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>২। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br><br>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী |
| ৭ | **কৃষি বিভাগ:** | ১। কোনো জমি পতিত না রেখে যে জমি | ১। জেলা প্রশাসক |

| | | | |
|---|---|---|---|
| | অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, ধানক্ষেতে পানি সরবরাহ/ সেচ নির্বিঘ্ন করতে অত্র অঞ্চলে গভীর নলকূপ ৮০৮১টি, অগভীর নলকূপ ৭১৮৩০টি এবং এলএলপি নলকূপ ২৭৯৪টিসহ মোট ৮২৭০৫টি সেচযন্ত্র চালু আছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ধানক্ষেতে পানি সরবরাহ নির্বিঘ্ন করতে বিদ্যুৎ চালিত সেচ স্কীম মালিকদের অফ পিক আওয়ারে সেচ পাম্প চালানোর জন্য নির্দেশনা প্রদান অব্যাহত আছে। তাছাড়া ইতোমধ্যেই বগুড়া অঞ্চলে ৮৩% বোরো ধান কর্তন শেষ হয়েছে। পাশাপাশি খরিপ-১ মৌসুমের রোপা আউশ ধানের ও আবাদ অব্যাহত আছে। তাই ডিজেলসহ সকল সেচ স্কীম মালিকদের সেচ কার্য পরিচালনার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান অব্যাহত আছে। এখন পর্যন্ত কোন ধরনের সমস্যা হয় নাই। অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, ৩,৭৩৪ হেক্টর আবাদযোগ্য পতিত জমিতে বিভিন্ন ধরণের শাকসবজি, ফল-ফুলের আবাদ করা হচ্ছে। কোনো জমি পতিত না রেখে যে জমি যে ফসল চাষের জন্য উপযোগী সে জমিতে সে ফসল চাষাবাদে জন্য কৃষকদের উৎসাহিত করা হচ্ছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত এক ইঞ্চি জমি ও অনাবাদি রাখা যাবে না এর ধারাবাহিকতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে বিভিন্ন পর্যায়ে অফিস, সীড স্টোর ইত্যাদি জায়গায় পড়ে থাকা পতিত জমি ইতোমধ্যেই চাষের আওতায় আনা হয়েছে। তাছাড়া বিভিন্ন ব্যক্তি ও অন্যান্য সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের আওতায় পড়ে থাকা পতিত জমি চাষের আওতায় আনার কাজ অব্যাহত আছে। ইতোমধ্যেই লক্ষ্যমাত্রার বিপরীতে প্রায় ৮৭৭ হেক্টর(৫৭%) জমি চাষের আওতায় আনা হয়েছে। অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ২০২২-২৩ অর্থ বছরে খরিপ/ ২০২২-২৩ মৌসুমে উফশী আউশ ধান, গ্রীষ্মকালীন পেঁয়াজ, উফশী রোপা আমন ধান ও মাষকলাই ফসলের অনুকূলে ৯৪২৭১ জন এবং রবি/ ২০২২-২৩ মৌসুমে শীতকালীন সবজি, গম, ভূট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর, খেসারি এবং বোরো ধান হাইব্রিড ও বোরো ধান উফশী ফসলে ৩,৯১,৪৪০ জন মোট ৪,৮৫,৭১১ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। আগামীতে সরকারি বরাদ্দ অনুযায়ী কৃষকদের মধ্যে কৃষি উপকরণ বিতরণ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিফ-২ মৌসুমে | যে ফসল চাষের জন্য উপযোগী সে জমিতে সে ফসল চাষাবাদের জন্য কৃষকদেরকে উৎসাহিত করতে হবে।<br><br>২। কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ অব্যাহত রাখতে হবে।<br><br>৩। কৃষি ঋণ সম্পর্কে প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। | (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী<br>৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল<br>৫। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল |

| | | | |
|---|---|---|---|
| | রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বগুড়া-১১০০০ জন, জয়পুরহাট-৯০০০ জন, পাবনা-৯০০০ জন এবং সিরাজগঞ্জ ৯০০০ জন মোট ৩৮০০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে মর্মে কৃষকদের অগ্রাধিকার তালিকা তৈরির কাজ চলমান আছে। তালিকা তৈরী ও অনুমোদন শেষে নীতিমালা অনুসারে বিতরণ কার্যক্রম শুরু করা হবে। অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, অত্র অঞ্চলে (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলায়) ২০২২-২৩ অর্থ বছরে এ পর্যন্ত ৪% সুদের আওতায় বিভিন্ন ব্যাংক হতে ৪,৭২৪ জন কৃষকের মাঝে ২৪ কোটি ৩৭ লক্ষ ০৫ হাজার ৬ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৭৮৯৩ জন কৃষকের তালিকা বিভিন্ন ব্যাংকে প্রেরণ করা হয়েছে। কৃষি ঋণ সম্পর্কে প্রচার-প্রচারণা অব্যাহত রাখার লক্ষ্যে কৃষি ঋণ মেলা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও কৃষকের মাঝে দলীয় আলোচনা, গ্রুপমিটিং, কৃষক প্রশিক্ষণসহ বিভিন্নভবে কৃষি ঋণ সম্পর্কে প্রচার-প্রচারণা অব্যাহত আছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ৪% সুদে বগুড়া অঞ্চলে মে/২৩ মাসে ১৮১ জন কৃষকদের মাঝে কৃষি ঋণ বিতরণ করা হয়েছে। এ বিষয়ে কৃষি বিভাগ হতে ব্যাপক প্রচার প্রচারণা চলমান আছে এবং ব্যাংকগুলো সহযোগিতা প্রদান অব্যাহত রেখেছে। | | |
| ৮ | **গণপূর্ত বিভাগঃ** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, বঙ্গবন্ধু নভোথিয়েটার প্রকল্পের ভৌত কাজ প্রায় শেষ পর্যায়ে এসেছে। পরিচ্ছন্নতা ও অভ্যন্তরীণ কিছু কাজ বাদ আছে, সে কাজগুলো দ্রুত সমাপ্ত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উর্ধ্বতন কর্মকর্তাগণ এসে পরিদর্শন করে গেছেন। এ প্রকল্পের কাজ তাড়াতাড়ি সমাপ্ত করতে তদারকি অব্যাহত রয়েছে। | ১। বঙ্গবন্ধু নভোথিয়েটার প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | ১। জেলা প্রশাসক, রাজশাহী<br><br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ৯ | **সড়ক বিভাগ:**<br>ডিআইজি, রাজশাহী রেঞ্জ, জানান যে, ঈদুল আযহা উপলক্ষ্যে পশু পরিবহণ ও ঘরেফেরা মানুষের কষ্ট লাঘবে ঈদের ৪/৫দিন আগেই রাস্তার কাজ বন্ধ দেওয়া প্রয়োজন। রাস্তার যেখানে যতটুকু কাজ হয়েছে সেটুকু যান চলাচলের উপযোগী করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>পরিচালক, আইএমইডি, জানান যে, রাজশাহী বিন্দুর মোড় হতে নওহাটা ব্রিজ পর্যন্ত রাস্তায় ১২.৫ শতাংশ রেলওয়ের জমি সড়কের জন্য প্রয়োজন। রেলওয়ের এই জমি সড়ক বিভাগকে দেওয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), সওজ, রাজশাহী জোন জানান যে, রাস্তার কাজ চলমান রয়েছে। কাজ চলছে এমন রাস্তা থেকে বৈদ্যুতিক পোলগুলো দ্রুত স্থানান্তর করা প্রয়োজন। | ১। রাজশাহী বিন্দুর মোড় হতে নওহাটা ব্রিজ পর্যন্ত রাস্তায় ১২.৫ শতাংশ রেলওয়ের জমি সড়ক বিভাগকে দেওয়ার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। ঈদুল আযহা উপলক্ষ্যে পশু পরিবহণ ও ঘরেফেরা মানুষের কষ্ট লাঘবে ঈদের ৪/৫দিন আগেই রাস্তার কাজ বন্ধ করতে হবে এবং রাস্তার যেখানে যতটুকু কাজ হয়েছে সেটুকু যান চলাচলের উপযোগী করতে হবে।<br><br>৩। রাস্তা সম্প্রসারণের কাজ ত্বরান্বিত করার জন্য রাস্তা হতে বৈদ্যুতিক পোল ও অবৈধ স্থাপনা দ্রুত স্থানান্তর করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী<br>৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।<br>৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন<br>৫। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী |
| ১০ | **এলজিইডি অধিদপ্তর:**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ ব্যতীত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঘূর্ণিঝড় আম্ফান প্রকল্প, ভূমি অফিস নির্মাণ প্রকল্প, রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-২, বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ চলছে এবং চাঁপাইনবাবগঞ্জ এর ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। তিনি আরো জানান যে, ২০২২-২৩ অর্থ বৎসরে রাজশাহী বিভাগে গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণের (GOB) আওতায় অত্র বিভাগে ৮টি জেলায় ৫৪৬টি স্কীম অনুমোদিত হয়েছে। হালনাগাদ চুক্তি হয়েছে ৫২২টি। গড় অগ্রগতি=৮৫%। চলতি অর্থ বৎসরে উক্ত রক্ষণাবেক্ষণ কাজগুলি প্রদেয় সময় অনুযায়ী নির্ধারিত সময়ে সমাপ্ত করা হবে। | ১। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ |
| ১১ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে রাজশাহী জেলায় ৬০৮টি, নওগাঁ জেলায় ২৮০টি, পাবনা জেলায় ২৫০টি, জয়পুরহাট জেলায় ২০৮টি, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ৪৭৯টি, সিরাজগঞ্জ জেলায় ৪১৭টি এবং নাটোর জেলায় ৪৬৩টি পানির উৎসসহ মোট ৩,১৭৬টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। | ১। মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য আশ্রয়ণ প্রকল্পে সুপেয় পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন কার্যক্রম আরো জোরদার করতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br><br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল |

| | | | |
|---|---|---|---|
| ১২ | <u>**পানি উন্নয়ন বোর্ড:**</u><br>প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী জানান যে, প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী জানান যে, অপরিকল্পিতভাবে বালু উত্তোলন Identify হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বাপাউবো'র ক্ষতিগ্রস্ত বাঁধ ও অন্যান্য অবকাঠামো মেরামত এবং নদী ভাঙ্গন হতে স্থাপনা রক্ষায় উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী কর্তৃক পরিচালন ব্যয়খাতের আওতায় চলমান মেরামত কাজ সমূহ ৩০'জুন ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন হবে। | ১। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। ক্ষতিগ্রস্ত বাঁধ, ব্রিজ, কালভার্ট মেরামত ও নদী ভাঙ্গন হতে স্থাপনা রক্ষার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী |
| ১৩ | <u>**বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:**</u><br>বিভাগীয় প্রাণিসম্পদ বিষয়ে আলোচনায় সভাপতি জানান যে, প্রাণিসম্পদের উৎপাদন বাড়ালেও দাম কিন্তু কমছে না। প্রাণিসম্পদের উৎপাদন বাড়ানোর পাশাপাশি দাম কমানোর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর জানান যে, রাজশাহী বিভাগে প্রাণিসম্পদের সম্প্রসারণ ও খামার ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত ৩৩০৭ টি উঠান বৈঠক আয়োজনের মাধ্যমে ৬৪,৯৫০ জন খামারীকে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে আধুনিক প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ, ঘাস চাষ সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে ২,২৭৭.৪৯ একর জমিতে উন্নত ঘাস চাষ সম্প্রসারণ করা হয়েছে। ফলে গবাদিপশু পালন, স্বাস্থ্য বিধি ও পুষ্টি বিষয়ে খামারীদের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ হয়েছে এবং গবাদিপশু উৎপাদনে আশাব্যঞ্জক অগ্রগতি সাধিত হয়েছে। রাজশাহী বিভাগে নিরাপদ দুধ, মাংস ও ডিম উৎপাদন ও রপ্তানি বৃদ্ধিতে খামারীদেরকে সহায়তা প্রদান অব্যাহত রয়েছে। প্রাণিসম্পদ সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান এর অংশ হিসেবে গবাদিপশুর সুস্বাস্থ্য রক্ষা এবং রোগ বালাই প্রতিরোধের নিমিত্তে ২০২২-২০২৩ অর্থ বছরের এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত গবাদিপশুকে ৪৯,৮৫,৯৫৯ মাত্রা টিকা এবং হাঁস-মুরগিকে ৪,৬৮,৭৪,৯০০ মাত্রা রোগ প্রতিশেধক টিকা প্রদান করা হয়েছে। রোগ নিরাময়ের জন্য ১৬,২৬,৮২০ গবাদিপশু এবং ১,২৮,০৭,৫৮০ হাঁস-মুরগিকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। প্রাণিস্বাস্থ্য সেবা সহজীকরণের জন্য ৫২৭টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে প্রায় ২০,৫৯০ টি গবাদিপশু এবং প্রায় ৫৫,৯৫২ টি হাঁস-মুরগি চিকিৎসা ও স্বাস্থ্যগত পরামর্শ দেয়া হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। প্রাণিসম্পদের সম্প্রসারণ ও খামার ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন ও প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২। নিরাপদ দুধ, মাংস ও ডিম উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে খামারীদেরকে সহায়তা করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **মৎস্য বিভাগ:**<br>উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থ বৎসরে এপ্রিল, ২০২৩ মাস পর্যন্ত<br>ক) মৎস্য সংরক্ষণ আইন : ৪৫৫৫টি<br>খ) মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন: ২২৭টি<br>গ) মৎস্য হ্যাচারি আইন: ১১৪টি মোট ৪,৮৯৮টি আইনে ৪৩৯৮টি অভিযান এবং ৪৯৮টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। যার মধ্যে ৩৯৮টি মামলা দায়ের, ৩০২ জনের জেল এবং ৯.০৩৬ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে।<br>লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদের উৎসাহিত করতে এ পর্যন্ত ৫,২৪৪ জন চাষীকে প্রশিক্ষণ ও ১৩,৫২৫ জন চাষীকে পরামর্শ প্রদান করা হয়েছে। রাজশাহী বিভাগে উচ্চমানের মুক্তা চাষের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত রাজশাহী বিভাগের ৩টি জেলার ৬টি উপজেলায় মুক্তা চাষের মাধ্যমে ১,৫০০ গ্রাম মুক্তা উৎপাদিত হয় যার মূল্য আনুমানিক ২,০০,০০০ টাকা। | ১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br><br>২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৩। পুকুরে মাছ চাষের পাশাপাশি উচ্চমানের মুক্তা চাষের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **পরিসংখ্যান বিভাগ:**<br>যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের মোট ১৪৬২ টি নমুনা এলাকায় "আর্থসামাজিক ও জনমিতিক জরিপ-২০২৩" এর তথ্যসংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে।<br>'খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২' এর আওতায় পরিচালিত Food Security Assessment & Food Insecurity Experience Scale (FIES) এর খানা তালিকা প্রস্তুতকরণ সম্পন্ন হয়েছে এবং আগামী ১৬ জুন হতে ২৫ জুন ২০২৩ তারিখ পর্যন্ত তথ্যসংগ্রহের কার্যক্রম চলবে।<br>ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফীতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে।<br>Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) এর তথ্য সংগ্রহের কাজ মে ২০২৩ মাস পর্যন্ত সম্পন্ন হয়েছে।<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় বার্ষিক শ্রমশক্তি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগের মোট ৩৫০ টি নমুনা এলাকার (Primary Sampling Unit বা PSU) প্রতিটি হতে ২০ টি করে Household এর তথ্যসংগ্রহ করা হচ্ছে।<br>স্যাম্পল ভাইটল রেজিস্ট্রেশন সিস্টেম "এসভিআরএস" কর্মসূচির (৩য় পর্যায়) আওতায় বিভাগের ২৮৩ টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার এর মাধ্যমে মাঠ পর্যায়ে নির্দিষ্ট নমুনা এলাকায় জন্ম-মৃত্যুসহ অন্যান্য ডেমোগ্রাফিক বৈশিষ্ট্যের তথ্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে।<br>মাসিক কৃষি মজুরীসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের তথ্যাদি নিয়মিত প্রেরণ করা হচ্ছে। | ১। স্বাস্থ্যবিধি মেনে জরিপের কাজসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br><br>২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:**<br>উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, ০১ এপ্রিল থেকে ৩০ এপ্রিল-২০২৩ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত মোট ১০৭টি বাজার অভিযানের মাধ্যমে ২৭৯টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ২৫,৮৮,৫৫০/- টাকা জরিমানা করা হয়েছে। আদায়কৃত জরিমানা কোষাগারে জমা প্রদান করা হয়েছে। | 1। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা-অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **বনবিভাগ:**<br>বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া জানান যে, সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক অবৈধ করাতকলের তালিকা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। অবৈধ করাতকল উচ্ছেদের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তাদেরকে প্রতি জেলায় কমিটি গঠন করে উচ্ছেদ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। সামাজিক বন বিভাগ, রাজশাহীতে এপ্রিল/২০২৩ মাসে ০২টি করাতকলের বিপরীতে ৫,০০০/- টাকা জরিমানা করা হয়েছে, সামাজিক বন বিভাগ, বগুড়ায় ০১টি করাতকল বন্ধ/সিলগালা করা হয়েছে বেং ০২টি পিওআর মামলা দায়ের করা হয়েছে ও ৩.০ ঘনফুট কাঠ জব্দ করা হয়েছে এবং সামাজিক বন বিভাগ, পাবনায় ০৯টি করাতকলের বিপরীতে ২৪,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অবৈধ দখলদারদের হাত হতে বন বিভাগের জমি উদ্ধারের প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে।<br>সামাজিক বন বিভাগ, বগুড়া ও পাবনার আওতায় কোন রিজার্ভ ও ভেস্টেড বনভূমি নেই। সামাজিক বন বিভাগ, রাজশাহীতে উদ্ধার হওয়া জমিতে পাখির অভয়ারণ্য গড়ে তোলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>ইত:পূর্বে রাজশাহী জেলার বাঘা উপজেলার আড়ানী ইউনিয়নের অন্তর্গত খোর্দ্দ বাউসা গ্রামের আম বাগানে শামুকখোল (Asian Open Bill) পাখি সংরক্ষণের জন্য আম বাগানের মালিকগণ তাদের আম বাগানে শামুকখোল পাখি বসবাস করছে মর্মে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে। পরিবেশের ভারসাম্য রক্ষায় ইতোমধ্যে বগুড়া জেলার শেরপুর উপজেলার বড়বিল বিল ও তন্মধ্যে গরফার বিল, ঝাঁঝার বিল পাখি ও বন্যপ্রাণীর আবাসস্থল হিসেবে অভয়ারণ্য/বিশেষ জীববৈচিত্র সংরক্ষণ এলাকা ঘোষণার প্রস্তাব বন সংরক্ষণ, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকায় প্রেরণ করা হয়েছে। | ১। অবৈধ করাত-কল উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের হাত হতে বনবিভাগের জমি উদ্ধারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২। বন বিভাগের উদ্ধার হওয়া জমিতে পাখির অভয়ারণ্য গড়ে তোলার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৩। পরিবেশের ভারসাম্য রক্ষায় চাঁপাইনবাবগঞ্জ ও নওগাঁ জেলাসহ অন্যান্য জেলায় যেখানে পাখির অভয়ারণ্য রয়েছে, সেখানে বন বিভাগ কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন<br>৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন<br>৫। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল বগুড়া |


| | | | |
|---|---|---|---|
| ১৮ | **সমাজসেবা অফিস:**<br>পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড প্রভৃতি রোগে আক্রান্তদের আনুষ্ঠানিকভাবে আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। রাজশাহী বিভাগের সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে মোট ভাতাভোগীর সংখ্যা ১৪,৬৬,০৭৪ জন। ২০২২-২৩ অর্থ বছর পর্যন্ত মোট ৩৬টি ইউনিট শতভাগ ভাতার আওতাভুক্ত হয়েছে। সকল ভাতা কার্যক্রম এর ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ১। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড প্রভৃতি রোগে আক্রান্তদের আনুষ্ঠানিকতার মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করতে হবে।<br><br>২। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী |
| ১৯ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস:**<br>উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী পক্ষে প্রতিনিধি জানান যে, আধুনিক প্রযুক্তি সুবিধাসংবলিত ৬৮ মিটার উচ্চতার টিটিএল গাড়িটি রাজশাহী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে যুক্ত হয়েছে। ফলে অগ্নিনির্বাপণ ও উদ্ধারকাজের গতি আগের চেয়ে আরও বৃদ্ধি পাবে। ৬৮ মিটার উচ্চতার লেডার-সংবলিত গাড়ি ফায়ার সার্ভিসের বহরে যুক্ত হওয়ায় ২৪ তলা পর্যন্ত অগ্নিনির্বাপণ ও উদ্ধারকাজ করা যাবে। তিনি আরো জানান যে, প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার অংশ হিসেবে মে/২০২৩ মাসে সরকারি অফিসে ০৪টি গণসংযোগ ও ১৪টি সরকারি অফিস পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে এবং বর্ণিত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া রাজশাহী বিভাগের বিভিন্ন হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, কলকারখানা ও বিভিন্ন সংস্থায় ৩৪০টি গণসংযোগ ও টপোগ্রাফিকসহ মহড়া কার্যক্রম পরিচালনা করা হয়েছে। বহুতল ভবন নির্মাণের নিমিত্ত আবেদনের প্রেক্ষিতে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা অনুসারে ভবন নির্মাণের নকশা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা কর্তৃক অনুমোদন কার্যক্রম চলমান রয়েছে। প্রচার-প্রচারণা ও সচেতনতামূলক কার্যক্রম হিসেবে মে/২০২৩ মাসে অত্র কার্যালয়সহ সরকারি অন্যান্য অফিসে ২৭টি অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। | ১। প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।<br><br>২। অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা অনুসারে ভবন নির্মাণের নকশা অনুমোদন করতে হবে।<br><br>৩। প্রতি সপ্তাহে একটি করে সরকারি অফিসে অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ<br>৩। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী<br>৪। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ২০ | **<u>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ:</u>**<br>নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, 2022-23 অর্থ বছরে রাজশাহী বিভাগে ২.৮4 লক্ষ হেক্টর জমিতে ৮৮২৫টি গভীর নলকূপ, ২৭৩টি এল এল পি এবং ৩৪৫টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে আউস ও আমন মৌসুমে জমিতে সেচ প্রদান করা হয়েছে। আসন্ন রবি মৌসুমে ৫.৩২ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মে,২০২৩ মাস পর্যন্ত ৯৮৪২টি গভীর নলকূপ, ৪১৯টি এলএলপি এবং ৩৫২টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে চলতি রবি মৌসুমে ৩.৭৬ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। চলতি রবি মৌসুমে জমিতে নিরবিচ্ছিন্ন সেচ প্রদানের লক্ষ্যে সকল সেচযন্ত্রগুলো প্রস্তুত রাখাসহ সেচযন্ত্রগুলি সার্বক্ষনিক সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল মজুদ রাখা হয়েছে। বরেন্দ্র অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানি দ্বারা সেচ সুবিধা চালু হওয়ায় এলাকার অধিকাংশ এক ফসলি জমি দুই/তিন ফসলি জমিতে রুপান্তরিত হয়েছে। ফলে এই এলাকার ফসল উৎপাদন বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এ কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক রাজশাহী, চাঁপাই নবাবগঞ্জ ও নওগাঁ জেলার কৃষক ও মৎস্য চাষীদের সুবিধার্থে পদ্মা নদীসহ মহানন্দা, ও আত্রাই নদীর সাথে সংলগ্ন ছোট ছোট খালে পানি প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে উক্ত নদীগুলোতে যেখানে সারাবছর পানি থাকে সেসকল স্থানে ১১টি পন্টুন (ভাসমান পাম্প) স্থাপন করা হয়েছে। উক্ত পাম্পগুলো দ্বারা নদীর পানি পাইপ লাইনের মাধ্যমে সংশ্লিষ্ট খালে সরবরাহ করে ডাবল লিফটিং পদ্ধতিতে জমিতে সেচ প্রদানের কার্যক্রম অব্যাহত রাখা রয়েছে। | ১। খরার সময় ধানের জমিতে সেচ সুবিধা অব্যাহত রাখতে হবে।<br><br>২। সেচ সুবিধা চালুর মাধ্যমে এক ফসলি জমিকে দুই ও তিন ফসলি জমিতে রূপান্তরিত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>৩। কৃষক ও মৎস্য চাষীদের সুবিধার্থে পদ্মা নদীর সাথে সংলগ্ন ছোট ছোট নদী ও ক্যানেলে পানি প্রবাহ অব্যাহত রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br>৩। তত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী |
| ২১ | **<u>ইসলামিক ফাউন্ডেশন:</u>**<br>পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগে ৭৬টি মডেল মসজিদ নির্মাণ করা হবে। তন্মধ্যে ১ম পর্যায়ে ১০টি, ২য় পর্যায়ে ০৯টি, ৩য় পর্যায়ে ১০ ও ৪র্থ পর্যায়ে ০৩টি মোট ৩২টি মডেল মসজিদ উদ্বোধন করা হয়েছে। বাকি মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে। | ১। সরকারি নির্দেশনা মোতাবেক মডেল মসজিদ নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী<br>৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ২২ | **<u>যুব উন্নয়ন অফিস:</u>**<br>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের এপ্রিল, ২০২৩ পর্যন্ত প্রশিক্ষণের অগ্রগতি ১৭৬৮৮ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের এপ্রিল, ২০২৩ পর্যন্ত৫০৭৬জনকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে এবংআত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। | ১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী |
| ২৩ | **<u>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড:</u>**<br>পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ৩৩ তম সমন্বয় সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের মে/২০২৩ মাসের বিভিন্ন সেবা বিষয়ে আলোচনা করেন। সাধারণ চিকিৎসা অনুদানের প্রাপ্ত আবেদন ২১৪টি, নিষ্পত্তিকৃত আবেদন ২০০টি, মঞ্জুরীকৃত অর্থ ৩৭,৪২,৫০০/-টাকা। মাসিক কল্যাণ ভাতার প্রাপ্ত আবেদন ৪২টি, নিষ্পত্তিকৃত আবেদন ৪৪টি (পূর্বের জের সহ), মঞ্জুরীকৃত অর্থ ১,২৭,৯৬,৮০০/-টাকা। যৌথবীমার প্রাপ্ত অনুদান ৪৩টি, নিষ্পত্তিকৃত আবেদন ৪৫টি (পূর্বের জের সহ), মঞ্জুরীকৃত অর্থ ৮৭,০০,০০০/-টাকা। দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার প্রাপ্ত আবেদন ৪১টি, নিষ্পত্তিকৃত আবেদন ৪৩টি( পূর্বের জের সহ), মঞ্জুরীকৃত অর্থ ১২,১০,০০০/-টাকা।<br>২০২২ -২০২৩ অর্থবছরে শিক্ষাবৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীর সংখ্যা মোট ১৩,৭১৮ জন, স্টাফবাস কর্মসূচী মোট যাত্রী সংখ্যা ৩৪ জন এবং মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে কম্পিউটার, সেলাই, ব্লক বাটিক, সেক্রে:সায়েন্স, বিউটিফিকেশন ও কনফেকশনারীসহ ৬টি ট্রেডে (এপ্রিল-জুন/২৩ ব্যাচে) মোট প্রশিক্ষনার্থীর সংখ্যা ৩৭ জন।<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩১ ও ৩২ তম সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের জন্য দেশের প্রতিটি বিভাগীয় ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/পরিত্যক্ত ভূমি অনুসন্ধান ও উপযুক্ত জমি স্থায়ী বন্দোবস্ত গ্রহণ করার বিষয়ে বোর্ডের মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয় নির্দেশনা প্রদান করেছেন মর্মে সভাকে অবহিত করেন। | ১। সরকারি নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের জন্য বিভাগীয় ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/পরিত্যক্ত জমি স্থায়ী বন্দোবস্তের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | **<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):</u>** এ বিভাগের সকল দপ্তরের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। অতঃপর রাজশাহী বিভাগ এপিএ-তে প্রথম স্থান অধিকার করায় সভাপতি সকলকে এ অর্জনের অংশীদার হিসেবে ধন্যবাদ জানান। | ১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে। | বিভাগীয় দপ্তর প্রধানগণ |

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভাপতি আসন্ন ঈদে সকলের শান্তি ও মঙ্গল কামনা করেন এবং সবাইকে অগ্রিম ঈদের শুভেচ্ছা জানান। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০৫.২৩.২২৪

তারিখ: ৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫) মহাপরিচালক, রেশন উন্নয়ন বোর্ড, রাজশাহী
৬) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
৮) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
৯) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
১০) প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী
১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন
১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৩) পরিচালক , বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৪) প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী
১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৬) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
১৭) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া
১৮) পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী

১৯) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী
২০) প্রধান নির্বাহী কর্মকর্তা , রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
২১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
২২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
২৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
২৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
২৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
২৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
২৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
২৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
২৯) অধিনায়ক , র‌্যাব-৫, রাজশাহী
৩০) উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ
৩১) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
৩২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
৩৩) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
৩৪) মহাব্যবস্থাপক-১, , টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী
৩৫) পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩৬) পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী
৩৭) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
৩৮) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
৩৯) অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
৪০) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৪১) প্রধান নির্বাহী কর্মকর্তা, , জেলা পরিষদ, রাজশাহী
৪২) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর
৪৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
৪৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ
৪৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
৪৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
৪৭) প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ, বগুড়া
৪৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
৪৯) উপপরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৫০) উপপরিচালক , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫১) যুগ্মপরিচালক (সার) , বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫২) যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫৩) বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
৫৪) উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ
৫৫) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী
৫৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৫৮) যুগ্মপরিচালক , বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী

৫৯) অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী

৬০) অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া

৬১) অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা

৬২) অধ্যক্ষ , শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ

৬৩) অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ

৬৪) উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী

৬৫) উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী

৬৬) যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী

৬৭) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী

৬৮) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী

৬৯) উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী

৭০) উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী

৭১) উপপরিচালক , বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী

৭২) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী

৭৩) আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী

৭৪) বিভাগীয় ব্যবস্থাপক , ব্র্যাক, রাজশাহী

৭৫) আঞ্চলিক প্রকল্প পরিচালক , বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী

৭৬) জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী

৭৭) জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা

৭৮) জোনাল সেটেলমেন্ট অফিসার , বগুড়া

৭৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী

৮০) সহকারী প্ল্যানার , নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী

৮১) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮২) উপ-প্রশাসনিক কর্মকর্তা, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮৩) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮৪) উপ-প্রশাসনিক কর্মকর্তা, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮৫) উপ-প্রশাসনিক কর্মকর্তা, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮৬) উপ-প্রশাসনিক কর্মকর্তা, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন

৮৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী

৮৯) উপপরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী

৯০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন

ড. মোঃ মোকছেদ আলী
অতিরিক্ত বিভাগীয় কমিশনার